



শ্রীশ্রীগুরুরাঙ্গো জয়তঃ

ইস্কন পানিহাটি আয়োজিত ৫০৩তম পানিহাটি চিড়াদধি মহোৎসব
ইস্কন পানিহাটি দ্বারা আয়োজিত পানিহাটি ধামে ৫ দিন ব্যাপি চিড়াদধি দণ্ড-মহোৎসব ২০১৯
১২ই জুন বুধবার থেকে ১৬ই জুন রবিবার

SRIPAT
Panihatj
VAISHNAVA SEVA-DHAM
aao karo aaram,
vaisnava seva dham

অনুষ্ঠান-সূচী :

- অত্যন্ত প্রসিদ্ধ এই পানিহাটি গ্রাম। রঘুনাথ দাস গোস্বামীর উদ্ধারের তরে।
রাঘব ভবনে বিরজে গৌর-ভগবান।। দণ্ড-মহোৎসব লীলা নিত্যানন্দ করে।।
- ১২ই জুন, বুধবার : “গঙ্গাপূজা” তিথিতে লঞ্চ যোগে গঙ্গা সাফারী পানিহাটি থেকে বরাহনগর পাঠবাড়ী
১৩ই জুন, বৃহস্পতিবার : পাণ্ডবা নির্জলা একাদশী তিথিতে বিশেষ শ্রবণোৎসব (হরিকথা)
১৪ই জুন, শুক্রবার : ফুড ফেস্টিভ্যাল (ভোজন উৎসব) সময় : বিকাল ৫টা থেকে রাত ৯ পর্যন্ত
১৫ই জুন, শনিবার : চিড়াদধি দণ্ড-মহোৎসব, প্রসাদ বিতরণের সময় : সকাল ৮টা থেকে শুভারম্ভ
১৬ই জুন, রবিবার : কীর্তন মেলা (হরিনাম সংকীর্তন যজ্ঞ) সময় : বিকাল ৩টে থেকে শুভারম্ভ

আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ (ইস্কন)

প্রতিষ্ঠাতা-আচার্য : কৃষ্ণকৃপাশ্রীমূর্তি এ. সি. ভক্তিবেদান্ত স্বামী শ্রীল প্রভুপাদ

শ্রীশ্রীগৌরনিতাই মন্দির

৩৭, গৌরাঙ্গ ঘাট রোড, পানিহাটি, কোলকাতা : ৭০০ ১১৪

যোগাযোগ : ০৩৩-২৫২৩৫৬১৩, ৮১৭০৯২২৫৪৮, ৯৮৩০৪০২৩১৮, ৯৪৩৩৯০৯৪২০/৪২১

বিঃ দ্রঃ উক্ত পাঁচদিন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ইস্কন-এর জি.বি.সি. ও
অন্যতম গুরু শ্রীশ্রীমৎ ভক্তিচারু স্বামী গুরু মহারাজ এবং অন্যান্য গুরুবৃন্দ

বিশেষ আতিথি : ইস্কন-এর জি.বি.সি ও অন্যতম গুরু শ্রীশ্রীমৎ ভক্তিচারু স্বামী গুরু মহারাজ
মুখ্য আতিথি : পৌরপিতা শ্রী স্বপন ঘোষ মহাশয় (পানিহাটী পৌরসভা)



আমন্ত্রণ পত্র

সুধী ভক্তবৃন্দ,

শ্রীশ্রীগৌর নিত্যানন্দের নিত্য লীলাভূমি পানিহাটি গ্রামে প্রতি বৎসরের ন্যায় এবারও ঐতিহাসিক দণ্ড-মহোৎসব, যা চিড়া-দধি মহোৎসব নামে পরিচিত, তা অত্যন্ত মহাসমারোহের সঙ্গে উদ্‌যাপিত হচ্ছে। এই উৎসবের মাধ্যমে শ্রীনিত্যানন্দ প্রভু আদি সপ্তগ্রামের জমিদারের পুত্র রঘুনাথের মাধ্যমে বৈষ্ণব সেবার মহিমা সম্বন্ধে জগৎবাসীকে শিক্ষা দিয়েছেন।

রঘুনাথ চরম বিলাসিতা ও আতিশয্যের মধ্যে বাস করলেও এই প্রাচুর্যের প্রতি ছিলেন সম্পূর্ণ অনাসক্ত এবং কবে শ্রীশ্রীরাধাকৃষ্ণের মিলিত তনু স্বয়ং ভগবান শ্রীচৈতন্য মহাপ্রভুর দিব্যসঙ্গ লাভ করবেন, তার জন্য প্রবল বিরহ অনুভব করতেন। বারংবার গৃহত্যাগ করে মহাপ্রভুর সান্নিধ্য লাভের প্রয়াস করলেও তিনি প্রতিবারই ব্যর্থ হন। অবশেষে ৯২৩ বঙ্গাব্দে ইংরেজি ১৫১৬ খ্রীষ্টাব্দে জ্যৈষ্ঠ মাসের শুক্লা ত্রয়োদশীতে গঙ্গার তীরে এক বটবৃক্ষতলে স্বয়ং বলরামের অবতার, আদিগুরু, শ্রীনিত্যানন্দ প্রভু রঘুনাথকে 'চোর' সম্বোধন করে এই শিক্ষা প্রদান করেন যে সদ্‌গুরুর কৃপা ব্যতীত পরমেশ্বর ভগবানের কৃপা লাভ করা যায় না এবং রঘুনাথকে দণ্ডস্বরূপ তাঁর ভক্তদের চিড়াদধি ভোজন করানোর আদেশ দান করেন, যা এক মহোৎসবের আকার ধারণ করে। সেই উৎসব আজও অনুরূপভাবে মহাসমারোহের সাথে একই তিথিতে উদ্‌যাপিত হয়ে আসছে।

এই দণ্ড-মহোৎসব তলায় শ্রীনিত্যানন্দ প্রভু শ্রীল রঘুনাথ দাস গোস্বামীর মাথায় তাঁর শ্রীচরণযুগল স্থাপন করে সংসার বন্ধন থেকে মুক্তির একমাত্র উপায় স্বরূপ সাধু, গুরু ও বৈষ্ণব সেবার দৃষ্টান্ত স্থাপন করে তাঁকে কৃপা করে বললেন, “তুমি অতি শীঘ্র পুরীধামে মহাপ্রভুর চরণ সান্নিধ্য লাভ করে এবং স্বরূপ দামোদর গোস্বামীর আনুগত্যে মহাপ্রভুর সম্ভৃষ্টি বিধান করে তাঁর নিজগণের মধ্যে পরিগণিত হবে।”

শ্রীল প্রভুপাদের বিশেষ কৃপায় ইস্কনের দ্বারা এই ঐতিহাসিক দণ্ড-মহোৎসব বিশ্বজুড়ে পালিত হচ্ছে। আপনারাও সবান্নবে এই দিব্য অনুষ্ঠানে উপস্থিত থেকে কায়িক, বাচিক ও আর্থিকভাবে বৈষ্ণব সেবায় অংশগ্রহণ করে পরম করুণাময় শ্রীশ্রীগৌর-নিতাইয়ের অসীম কৃপা লাভ করুন।

বিনীত নিবেদক
ভক্তবৃন্দ
ইস্কন পানিহাটি